

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২১৫) এক ব্যক্তি নামায সম্পন্ন করার পর জানল যে, সে 'জুনুব' অপবিত্র অবস্থায় ছিল, অর্থাৎ তার উপর গোসল ফর্য ছিল। এখন তার করণীয় কি?

যে কোন মানুষ নামায আদায় করার পর যদি জানতে পারে যে, সে ছোট নাপাকী বা বড় নাপাকীতে লিপ্ত ছিল। তথা ওযু বা গোসল ফর্য ছিল। তবে তার উপর আবশ্যক হচ্ছে পবিত্রতা অর্জন করে উক্ত নামায পুনরায় আদায় করা। কেননা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন,

لا تُقْبَلُ صَلاةٌ بِغَيْرِ طُهُورٍ

"পবিত্রতা ব্যতীত কোন নামায কবূল করা হবে না।"

• Source — https://www.hadithbd.com/books/link/?id=745

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন